উপজেলা আইন -শৃংখলা কমিটির জানুয়ারি/২০২০ মাসের সভার কার্য-বিবরণীঃ

তারিখ : ৩০/০১/২০২০ খ্রিঃ
সময় : সকাল-১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভাপতি : এস এম জামাল আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা "পরিশিষ্ট-ক" তে সংযুক্ত।

সভার শুরুতে সাঁথিয়া উপজেলা আইনশৃংখলা কমিটির সভাপতি, উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়, অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা ও আতাইকুলা থানা, পাবনা ও উপজেলা আইন-শৃংখলা কমিটির সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সাঁথিয়া উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্থিতিশীল ও স্বাভাবিক থাকায় সকলকে ধন্যবাদ জানান। তিনি গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিত দুইটি থানার অফিসার-ইন-চার্জসহ সংশ্লিষ্টগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

**ঃ অপরাধ চিত্রের তুলনা মুলক বিবরণীঃ**

জানুয়ারি/২০২০

| নারী,শিশু নির্যাতন ও অন্যান্য | নারী ,শিশু নির্যাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দস্যুতা | পুলিশ আক্রান্ত | সিঁধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০২ | ০৩ | - | - | ১৯ | - | - | ০১ | ১১ | ৩৬ |

ডিসেম্বর, ২০১৯

| নারী,শিশু নির্যাতন ও অন্যান্য | নারী ,শিশু নির্যাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দস্যুতা | পুলিশ আক্রান্ত | সিঁধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ টি | - | - | - | ১৮ | - | - | - | ০৪ | ২৩ |

ডিসেম্বর/২০১৯ মাসের সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১। | মোবাইল কোর্ট : জানুয়ারি/২০২০ মাসে উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া ,পাবনা সভায় জানান যে, ১৪ (চৌদ্দো) টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ ধারায় ০২টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৩২০০.০০ টাকা জরিমানা আদায় করা হয় এবং মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ মোতাবেক ০৩ টি মোবাইল কোর্ট পরিচালনা করে ০৪ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়। বঙ্গীয় প্রকাশ্য জুয়া আইন ১৮৬৭ মোতাবেক ৯ টি মামলায় ০৯ জনের মধ্যে ০৬ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান এবং ০৩ জনকে ৫৪০০.০০ টাকা জরিমানা আদায় করা হয়। দন্ডবিধি ১৮৮ ধারায়, ১৯১, ৫০৯ ধারায় ০৪ টি মামলায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। সহকারি কমিশনার(ভূমি), সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, চলতি মাসে ০৪ টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৩২০০.০০ টাকা জরিমানা আদায় করা হয়। | জনস্বার্থে সরকারি বিধি মোতাবেক খাদ্য, ফল, দুধ ও আনুষঙ্গিক বিষয়ে বেশী বেশী মোবাইল কোর্ট পরিচালনার পুনঃ সিদ্ধান্ত গৃহিত হয়। | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সাঁথিয়া, ওসি সাঁথিয়া থানা/ আতাইকুলা থানাএবং সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০২। | <u>বাল্য বিবাহ নিরোধ</u> : সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় পুনঃ জানান হয় যে, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বাল্য বিবাহ নিরোধ কমিটি গঠন করা হয়েছে। । চেয়ারম্যান, ক্ষেতুপাড়া ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, বাল্য বিবাহ দেখা যাচ্ছে না। চেয়ারম্যান, নাগডেমড়া ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় পুনঃ জানান যে, বাল্য বিবাহ নানা কৌশলে করার চেষ্টা করে। চেয়ারম্যান, গৌরিগ্রাম ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় পুনঃ জানান যে, বাল্য বিবাহ নিয়ে প্রতিটি সভায় আলোচনা হয়। কোর্ট এভিডেভিট করে বাল্য বিবাহ হয়। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা সভায় পুনঃ জানান যে, এভিডেভিট কোন বিবাহের প্রমাণপত্র নয়। কোন কাজী যদি এভিডেভিট মূলে বাল্য বিবাহ পড়ান তাহলে সংবাদ দেওয়া মাত্র আইনি শাস্তির ব্যবস্থা নেয়া হবে। | প্রত্যেক ইউনিয়ন পরিষদে কাজী অফিস স্থানান্তরের সিদ্ধান্ত পুণঃ গৃহিত হয়। বাল্য বিবাহ নিরোধে চেয়ারম্যানসহ কাজীদের নিয়ে সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান সকল. কাজী সকল এবং সংশ্লিষ্ট সকল। |
| ০৩। | <u>জঙ্গী ও সন্ত্রাস দমন</u>: সভাপতি সভায় উপস্থিত সকলকে আবারো স্বাগত জানিয়ে জানান হয় যে, সাঁথিয়ায় কোন জঙ্গী ও সন্ত্রাসের স্থান নেই। । সভাপতি, সাঁথিয়া প্রেসক্লাব, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, অপহরণ কিশোরগ্যাংকে আইন-শৃঙ্খলা বাহিনী প্রতিহত করেছেন, গ্রেফতার করেছেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, এলাকায় নিরাপত্তায় অন্যায়/মাদক/সন্ত্রাস/অমানুষের কঠোর হস্তে দমন করার আহবান জানান। মাননীয় সংসদ সদস্য-৬৮, পাবনা-১ মহোদয় সভায় জানান যে, অপরাধীকে কোন ছাড় নেই, কোন আপোষ নেই। চেয়ারম্যান, ধুলাউড়ি ইউপি সভায় পুনঃ জানান যে, সরকার সন্ত্রাসীদের সাধারণ ক্ষমার মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরে আসার সুযোগ দিয়েছেন তাই বলে সমাজ পরিচালনার/ইমামতির জন্য নয়। সংশ্লিষ্টদের এ বার্তা পৌছানোর আহ্বান জানান। | চেয়ারম্যানগণ বাড়ী ভাড়া ফরম সংশ্লিষ্ট ইউপি সাধারণ আসনের সদস্য/সংরক্ষিত আসনের সদস্যদের দ্বারা পূরণপূর্বক ভাড়াটিয়াদের বিস্তারিত তথ্য/উপাত্ত সংরক্ষণ করবেন এবং আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিতদেরকে প্রদানের পুণঃ সিদ্ধান্ত গৃহিত হয়। নতূন আগত লোকদের বিশেষ নজরদারীতে রাখার আইন-শৃঙ্খলা বাহিনীকে পুনঃ নির্দেশনা প্রদান করা হয়। | মেয়র, সাঁথিয়া পৌর সভা, চেয়ারম্যান সকল ইউপি, সভাপতি, হাটবাজার ব্যবস্থাপনা কমিটি সকল, ওসি সাঁথিয়া থানা / আতাইকুলা থানা। |
| ০৪। | <u>চুরি ডাকাতি</u> : চেয়ারম্যান, করমজা ইউপি সভায় জানান যে, করমজা ইউনিয়নে আইন-শৃঙ্খলা ভাল। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা গিয়েছিল। করমজাতে দোকানিরা রাত ৯:০০ টার পরে দোকানে টিভি চালায় হয়েছে। কিছু দুষ্কৃতিরা সুযোগ নেয়। চেয়ারম্যান, কাশিনাথপুর ইউপি সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, কাশিনাথপুর আঃ লতিফ উচ্চ বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব হতে ল্যাপটপ চোর ধরতে আইন-শৃঙ্খলা বাহিনীকে আহ্বান জানান। তিনি আরো জানান যে, হোন্ডা চোর বেড়েছে। লাইসেন্সবিহীন হোন্ডা চুরি হচ্ছে। কাশিনাথপুর পুলিশ ফাঁড়িতে জনবল বাড়ায়ে শক্তি বৃদ্ধির আহ্বান জানান। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা সভায় উপস্থিত সকলকে সু-স্বাগত জানিয়ে বলেন যে, একটা মামলা ব্যতিত সব মামলা ডিটেক্ট হয়েছে। গরু চুরি কমে গেছে। | জনগণের নিরাপত্তার জন্য ইউপি চেয়ারম্যানগণ গ্রাম পুলিশের পাহাড়া নিযুক্ত করে আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে সামজস্যপূর্ণ রাখার পাশাপাশি গরু/মহিষ চুরি করে কৃষককে চরম ক্ষতিগ্রস্থ হতে না হয় সেজন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে নিবিড় ভাবে কাজ করার পুণঃ নির্দেশনা প্রদান করা হয়।<br>বাজর/হাটের ডিউটিদের আইডি কার্ড করে তালিকাবদ্ধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র, সাঁথিয়া পৌর সভা, চেয়ারম্যান সকল, ওসি সাঁথিয়া থানা/ আতাইকুলা থানা |
| ০৫। | <u>মাদক দ্রব্য সংক্রান্ত</u> : সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় জানান হয় যে, মাদকের বিরুদ্ধে অভিযান চলছে। মেয়র, সাঁথিয়া পৌর সভা, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, মাদকের উৎপাত বেড়েছে। তিনি আরো জানান যে, মাদকসেবী/ ব্যবসায়ী চিহ্নিত করে আইন-শৃঙ্খলা বাহিনীতে ব্যবস্থা নেয়ার আহ্বান জানান। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, মাদকমুক্ত সাঁথিয়া উপজেলা গড়তে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, জনপ্রশাসনের ছত্র ছায়ায় মাদক ব্যবসা করলে আইনি ব্যবস্থা নেয়ার আহ্বান জানান। মাননীয় সংসদ সদস্য-৬৮, পাবনা-১ মহোদয় সভায় জানান যে, প্রায় সবাই বলেছেন আইন-শৃঙ্খলা ভাল। মাদকের ভয়াবহতা বলেছেন। মাদক থাকলে আইন-শৃঙ্খলা ভাল থাকার কথা নয়। | ইউপি/ পৌর ওয়ার্ড ভিত্তিক ০৫ সদস্য বিশিষ্ট মাদক নিরাময় / প্রতিরোধ কমিটি গঠন এবং ইউনিয়ন মা,কত নিরাময় / প্রতিরোধ কমিটি গঠনের জন্য পুনরায় সিদ্ধান্ত গৃহিত হয়। ছিনতাই, গণধর্ষন, হত্যকান্ড বন্ধ করার নিমিত্ত ওসি সাঁথিয়া থানা / আতাইকুলা থানা, পাবনা কে গ্যাং দিয়ে সঠিক ইনফরমেশন মতে প্রকৃত দোষীকে ধরার পুনঃ সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান(সকল) ইউপি, আইন-শৃঙ্খলা বাহিনী/ অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা / আতাইকুলা থানা। |

| | | | |
|---|---|---|---|
| ০৬। | **যানজট :** সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জানান যে, যানজট নিরসনে মেয়র, সাঁথিয়া পৌরসভা , সাঁথিয়া, পাবনাকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে পুনঃ আহ্বান জানান। সভাপতি, ব্যবসায়িক বণিক সমিতি, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, হাই স্কুলের পাশে ছোট ব্রীজ ভেঙ্গে বড়ব্রীজ নির্মানের জন্য মাননীয় সংসদ-৬৮, পাবনা-১ মহোদয়কে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, হাইস্কুলের সামনে পৌরসভা চাঁদা আদায় করায় যানজট বাড়ে। হাইস্কুলের সামনে খড়ের হাট স্থানান্তরের আহ্বান জানান। ইনচার্জ, মাধপুর হাইওয়ে পুলিশ সভায় জানান যে, নিরাপদ সড়ক চাই। গত ২৯ জানুয়ারি' ২০২০ তারিখে সিএনজি-বাস সড়ক দূর্ঘটনা ঘটেছে। নিরাপদ সড়ক বাস্তবায়নে তিন চাকার গাড়ী মহাসড়কে চলতে দেয়া হচ্ছে না। সরকারি নির্দেশনা বাস্তবায়ন/মানতে বাধ্য। মটর সাইকেল চালনায় হেলমেট ও লাইসেন্স বাধ্যতামূলক থাকতে হবে। মটর সাইকেলে ৩ জনে চালনা যাবে না । তিনি আরো জানান যে, মহাসড়কে সিএনজি/ব্যাটারী চালিত ভেনগাড়ী/অটোরিক্সা ইত্যাদি চলতে পারবে না। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, সাঁথিয়া বোয়াইলমারী হাট সপ্তাহে ০২ দিন বসে। নতুন পেঁয়াজ হাট বসেছে। লাঠি নিয়ে দাড়ায়ে থাকে।পেয়াজ বিক্রয়ের সময় পেয়াজ নেয়। জন দুর্ভোগ বাড়ছে। বিষয়টি সমাধানের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে আহ্বান জানান। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, ভাইস চেয়ারম্যান যথার্থ বলেছেন। বুড়ো মানুষের সাথে পেঁয়াজ হাটে লাঠিয়াল বাহিনী কর্তৃক প্রহার করা হয়। অকথ্য ভাষায় গালাগালি দেয়। সভাপতি বণিক সমিতি চাঁদা আদায় সংক্রান্ত কথা ঠিক বলেছেন। আগের সভায় চাঁদা আদায় বন্ধ করা হয়েছিল। কিছুদিন বন্ধ থেকে আবার চাঁদা আদায় চলছে।তিন মাথার মোড়ে ভেনগাড়ির পার্কিং এর কারণে যানজট লাগে। আইন-শৃঙ্খলা বাহিনীকে বিষয়টি নজরে আনার আহ্বান জানান। মাননীয় সংসদ সদস্য-৬৮, পাবনা-১ মহোদয় সভায় জানান যে, সাঁথিয়ায় যানজট নিরসনে বাইপাশ সড়কটি দ্রুত নির্মাণ করার জন্য সাঁথিয়া পৌর মেয়রকে নির্দেশনা প্রদান করেন। | তিন মাথা মোড়ে জেলা পরিষদের জায়গায় অবৈধ দখল মুক্ত করার নিমিত্ত উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>যানজটমুক্ত করণে, সিএনটি চালকদের নির্ধারিত স্ট্যান্ড ব্যবহার এবং টোল আদায় সংক্রান্ত বিষয়ে সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র, সাঁথিয়া পৌর সভা, আইন-শৃঙ্খলা বাহিনী , সহকারি কমিশনার(ভূমি) , সংশ্লিষ্ট সকল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেয়র, সাঁথিয়া পৌরসভা, ওসি, সাঁথিয়া থানা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ সংশ্লিষ্ট সকল |
| ০৭। | **বিবিধ (১) জেএসসি/ জেডিসি /এসএসসি/এইচএসসি/ ডিগ্রি পরীক্ষা :** অধ্যক্ষ, সাঁথিয়া ডিগ্রী কলেজ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, পরীক্ষার দিনগুলোতে পরীক্ষার্থী যাতে নিবিঘ্নে চলাচল করে এবং সুষ্ঠু ও সুন্দুর নকলমুক্ত পরিবেশে পরীক্ষা দিতে পারে সেজন্য যানজট মুক্ত রাখার নিমিত্ত ওসি সাঁথিয়া থানা / আতাইকুলা থানাকে বিশেষ সতর্ক ব্যবস্থা নেয়ার জন্য পুনঃ অনুরোধ করেন।<br>(২) ইভটিজিং : সভাপতি সভায় উপস্থিত সকলকে বিগত সময়ে সাঁথিয়ায় ইভটিজিং না হওয়ায় সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ জানান।<br>(৩) পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ইজারা/চাঁদা আদায় : চেয়ারম্যান, ধূলাউড়ি ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, পানি উন্নয়ন বোর্ড উচ্ছেদ অভিযানে বিশৃঙ্খলা শুরু হয়। মূল মালিক এল এ শাখা কর্তৃক অধিগ্রহণ করা হয়। পরে আবারো পানি উন্নয়ন বোর্ড অসুদাপয়ে আবারো টাকা নিয়ে দখল দেয়। দখলদার হস্তান্তরের যদি কোন ডকুমেন্ট থাকে তা হলে টাকাগুলো আদায় করা যাবে কিনা সভায় উপস্থাপন করা হয়। মাননীয় সংসদ সদস্য-৬৮, পাবনা-১ মহোদয় সভায় জানান যে, এহেন কার্যকলাপে ব্যবস্থা নেয়ার নির্দেশনা দেয়া হয়।<br><br>(৩) সাঁথিয়া উপজেলায় রেলওয়ে স্টেশন উদ্বোধন : সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জানান যে, চিনাখুড়া রেলওয়ে স্টেশন এর নাম পরিবর্তিত হয়ে সাঁথিয়া রাজাপুর রেলওয়ে স্টেশন নামকরণ করায় ধন্যবাদ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। মাননীয় সংসদ সদস্য-৬৮, পাবনা-১ মহোদয় সভায় জানান যে, গত ২৬ জানুয়ারি ২০২০ তারিখে পাবনা- ঢালারচর এক্সপ্রেস শুভ উদ্বোধন করায় রেলমন্ত্রীকে কৃতজ্ঞতা জানান।<br>(৪) সাঁথিয়া হাসপাতালে সিসি ক্যামেরা স্থাপন : রাতে হাসপাতালগামী রোডটি অন্ধকার হয়ে উঠে। বিশেষ করে হাসপাতালের নিকটে পুকুর পাড় নির্জন ও অন্ধকার থাকে । মাদকসেবীদের আড্ডা হওয়ার সম্ভাবনা থাকে। পুলিশ সাদা পোকাশে ডিউটি প্রদানে নির্দেশনাসহ সিসি ক্যামেড়া স্থাপনে নির্দেশ প্রদান করেন। | ।<br><br>পিআইও , উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা | অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা/ আতাইকুলা থানা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেয়র,সাঁথিয়া পৌরসভা, চেয়ারম্যানগণ , ইউপি সংশ্লিষ্ট সকল |

৮.০। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস এম জামাল আহমেদ)
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
সাঁথিয়া, পাবনা।
www.santhia.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬৭২.০০০.০৭.০০৫. ১৯-৭৫৭ (৪০) তারিখ- ৩০-০১-২০২০ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। জনাব এ্যাড. শামসুল হক টুকু, মাননীয় সংসদ সদস্য -৬৮, পাবনা -১।
২। জেলা প্রশাসক, পাবনা।
৩। পুলিশ সুপার, পাবনা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া ,পাবনা ।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
৬। মেয়র, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।
৭। উপজেলা ................................................ অফিসার, সাঁথিয়া, পাবনা।
৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা। ওয়েব পোর্টালে upload করার জন্য অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান, ---------------------- ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া,পাবনা।
৯। জনাব / বেগম--------------------------------------------

৩০/০১/২০২০

(এস এম জামাল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া,পাবনা।
টেলিফোন নম্বরঃ ০৭৩২৭-৫৬১০১
**ই-মেইলঃ. unosanthia@mopa.gov.bd**

৩০/০১/2020